

জেলা পরিষদ নির্বাচন-২০২২ উপলক্ষে মনোনয়নপত্র গ্রহণ ও দাখিলের সহায়ক নিয়মাবলীঃ

ভোটার তালিকার সিডি ক্রয় সংক্রান্ত তথ্য	
১	মনোনয়নপত্র সংগ্রহের সময় ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় মূল্য বাবদ চেয়ারম্যান সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য ইউনিয়ন প্রতি ৫০০/- হারে ও পৌরসভার প্রত্যেক ওয়ার্ড প্রতি ৫০০/- হারে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিতে হবে (অফেরং যোগ্য) মনোনয়নপত্র গ্রহণের পূর্বে অবশ্যই ভোটার তালিকা সিডি ক্রয়ের মূল চালান জমা দিতে হবে।
২	সিডির টাকা জমা দানের ট্রেজারী চালানোর কোড নং- ১-০৬০১-০০০১-২৬৩১

জামানত সংক্রান্ত তথ্য		
৩	(ক) চেয়ারম্যান পদের নির্বাচনী জামানত	২০০০/- টাকা
	(খ) সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদের নির্বাচনী জামানত	৫০০০/- টাকা
	(গ) সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনী জামানত	৫০০০/- টাকা
নির্বাচনী জামানত বাবদ ১/০৬০১/০০০১/৮৪৭৩ নম্বর কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা করুন এবং টাকা জমাদানের চালানের মূলকপি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করুন।		

মনোনয়নপত্র গ্রহণ সংক্রান্ত	
৪	(ক) মনোনয়নপত্র (খ) নির্বাচনী ব্যয় নির্বাহের অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎস ও ব্যয়ের সম্ভাব্য খাতসমূহের বিবরণী (ফরম-৮)
৫	সকল পদে নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য অবশ্যই একটি ব্যাংক একাউন্ট খুলতে হবে। ব্যাংকের নাম ঠিকানা ও একাউন্ট নম্বর মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে। উক্ত ব্যাংক একাউন্টের মাধ্যমে নির্বাচনের ব্যয় পরিচালনা করতে হবে। নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ হতে ৩০ দিনের মধ্যে রিটার্নের সাথে উক্ত একাউন্টের ব্যাংক স্টেটমেন্ট জমা দিতে হবে।

মনোনয়নপত্র দাখিলে সংযুক্ত দলিলাদি	
(ক)	নির্বাচনী ব্যয় নির্বাহ করিবার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-৮)
(খ)	চেয়ারম্যান ও পৌরসভা এলাকার অধিবাসী সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সাধারণ আসনের সদস্যদের টিন সার্টিফিকেট, সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের কপি এবং আয়কর পরিশোধের প্রমাণপত্রের কপি দাখিল করা বাধ্যতামূলক
(গ)	পৌরসভা এলাকার বাহিরের ভোটারগণ যদি সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সাধারণ আসনের সদস্য পদের প্রার্থী হন এবং তিনি যদি আয়করদাতা হয়ে থাকেন তাহলেও তাঁকে টিন সার্টিফিকেট, সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের কপি এবং আয়কর পরিশোধের প্রমাণপত্রের কপি দাখিল করতে হবে। আয়কর দাতা না হলে দাখিল করার প্রয়োজন নেই।
(ঘ)	জামানতের টাকা জমাদানের ট্রেজারী চালানোর মূল কপি
(ঙ)	৩০০ টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্প নির্ধারিত ছক সম্বলিত হলফনামা ম্যাজিস্ট্রেট/ নোটারি পাবলিকের মাধ্যমে যথাযথ ভাবে পূরণ করতে হবে (প্রার্থীর সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র সংযুক্ত করতে হবে)
(চ)	প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও ভোটার তালিকায় যে পাতায় তাদের নাম আছে উক্ত পাতার ফটোকপি সংযুক্ত করতে হবে। কোন ভোটার প্রস্তাবকারী অথবা সমর্থনকারী হিসেবে যে কোন পদের নির্বাচনের উদ্দেশ্যে ০১ (এক)টির অধিক মনোনয়নপত্রে তার নাম ব্যবহার করতে পারবেন না। প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর মনোনয়নপত্রের স্বাক্ষর জাতীয় পরিচয়পত্রের অনুরূপ হতে হবে।
(ছ)	০২ কপি রজিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি মনোনয়ন পত্রের নির্দিষ্ট স্থানে লাগাতে হবে।
(জ)	মনোনয়নপত্রের ৩য় অংশে পছন্দকৃত প্রতীক শুধুমাত্র ০১ (এক) টি উল্লেখ করতে হবে। ০১ টির অধিক উল্লেখ করা যাবে না।
(ঝ)	প্রার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নাম, স্ত্রীর নাম এবং বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর নাম ইংরেজী Capital Letter এ আলাদা A4 সাইজের কাগজে মনোনয়নপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

মনোনয়নপত্রসহ সকল কাগজপত্রাদি ০২ সেট A4 সাইজের কাগজে ফটোকপি করে মূল কপিসহ ০৩ সেট জমা দিতে হবে।	
৭	মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সময় কোন প্রকার মিছিল কিংবা শোডাউন করা যাবে না এবং প্রার্থী ০৫ (পাঁচ) জনের অধিক সমর্থক নিয়ে মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে পারবেন না। স্বাস্থ্য বিধি মেনে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল করতে হবে।

নির্বাচনী ব্যয় সংক্রান্ত তথ্য			
৮	প্রার্থীর ব্যক্তিগত ব্যয় সীমাঃ	চেয়ারম্যান-৫০,০০০/- টাকা সংরক্ষিত আসনের মহিলা সদস্যের ক্ষেত্রে- ১০,০০০/- টাকা সাধারণ আসনের সদস্যের ক্ষেত্রে- ১০,০০০/- টাকা	
	প্রার্থীর নির্বাচনী ব্যয়ের সীমা	চেয়ারম্যান	সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা
		সংরক্ষিত আসনের মহিলা সদস্য	সর্বোচ্চ ১ (এক) লক্ষ টাকা
		সাধারণ আসনের সদস্য	সর্বোচ্চ-১ (এক) লক্ষ টাকা

ভোটার তালিকার সিডি ক্রয়ের জন্য জেলা পরিষদের ওয়ার্ড ভিত্তিক হিসাবঃ

ক্রমিক	চেয়ারম্যান/সংরক্ষিত/ সাধারণ ওয়ার্ড	সিডি ক্রয়ের মূল্য	মন্তব্য
০১	চেয়ারম্যান	৪৮০০০/-	
সংরক্ষিত আসনের মহিলা সদস্য			
০১	সংরক্ষিত আসন নং-০১	১৭৫০০/-	
০২	সংরক্ষিত আসন নং-০২	১৭৫০০/-	
০৩	সংরক্ষিত আসন নং-০৩	১৩০০০/-	
সাধারণ আসনের সদস্য			
০১	সাধারণ আসনের সদস্য-১	৬০০০/-	
০২	সাধারণ আসনের সদস্য-২	৯৫০০/-	
০৩	সাধারণ আসনের সদস্য-৩	১০০০০/-	
০৪	সাধারণ আসনের সদস্য-৪	৫৫০০/-	
০৫	সাধারণ আসনের সদস্য-৫	৫৫০০/-	
০৬	সাধারণ আসনের সদস্য-৬	৫৫০০/-	
০৭	সাধারণ আসনের সদস্য-৭	৬০০০/-	